# কিন্ডারগার্টেনে প্রবেশ

## পরিবারগুলির জন্য স্কুলের প্রস্তুতিমূলক নির্দেশিকা



Fairfax County
OFC Office for Children

Neighborhood and Community Services (প্রতিবেশী এবং সম্প্রদায়গত পরিষেবাসমূহ) • Office for Children 12011 Government Center Parkway, Suite 920 Fairfax, Virginia 22035-1102

টেলিফোন: 703-324-8000

**www.fairfaxcounty.gov/OFC**

একটি Fairfax County (ফেয়ারফ্যাক্স কাউন্টি), VA প্রকাশনা।
মুদ্রিত 5/2022

ফেয়ারফ্যাক্স কাউন্টি তার সকল নাগরিককে এবং সব কর্মকাণ্ডগুলিতে সমান অধিগম্যতা প্রদান করতে দায়বদ্ধ। যেখানে TTY নম্বর উল্লেখ করা নেই, সেখানে 711/Virginia Relay ব্যবহার করুন। অনুরোধে যুক্তিগ্রাহ্য স্বাচ্ছন্দ্যবিধান করা হবে; কল করুন 703-324-8000.

# কিন্ডারগার্টেনে প্রবেশ

## পরিবারগুলির জন্য স্কুলের প্রস্তুতিমূলক নির্দেশিকা



# কিন্ডারগার্টেনে প্রবেশ!

আপনার সন্তান যদি 30 সেপ্টেম্বরের মধ্যে 5 বছর বয়সী হয়, তারা শীঘ্রই কিন্ডারগার্টেনে যেতে শুরু করবে।

আপনার সন্তান কিন্ডারগার্টেনে ঢোকার আগে তাদের "কিন্ডারগার্টেনে প্রবেশ"-এর জন্য প্রস্তুত করে তোলা নিশ্চিত করতে বছরটি চলাকালীন সময়ে আপনি কী করতে পারেন সেই বিষয়ে এই নির্দেশিকা আপনাকে কিছু ধারণা দেবে।

আপনার সন্তান যাতে কিন্ডারগার্টেনের জন্য যথাযথ রূপে নিবন্ধিত হয় সেই কারণে এই বছর চলাকালীন সময়ে আপনি কী কী পদক্ষেপ নিতে পারেন সেগুলিও এই নির্দেশিকায় অন্তর্ভুক্ত।

শেষাবধি, আপনার সন্তানের কিন্ডারগার্টেনের জন্য প্রস্তুতিতে প্রয়োজনীয় দক্ষতাগুলি গড়ে তুলতে সহায়তা করার জন্য এখানে স্কুল এবং সম্প্রদায়গত সংস্থানগুলি সম্পর্কেও তথ্য রয়েছে।



# সূচিপত্র

আপনি এই ছবিটির এক গুরুত্বপূর্ণ অংশ . .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. 4

সেরা যোগাযোগ শুরু হয় বাড়িতে .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. 4

রুটিন আপনার সন্তানকে কিন্ডারগার্টেনের জন্য প্রস্তুত হতে সাহায্য করে. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. 5

অন্যদের সাথে চলা .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. 6

সুস্থ শরীর ও মন গড়ে তোলা. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. 7

স্কুলের জন্য প্রস্তুতিমূলক অভিজ্ঞতাগুলির মরশুমি ক্যালেন্ডার .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. 8–11

কিন্ডারগার্টেনে উত্তরণ .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. 12

কমিউনিটির সংস্থানগুলির সঙ্গে সংযোগ সাধন .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. 13

পরিবারগুলির জন্য সহায়ক সংস্থান . .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. 14

প্রকাশনাগুলি .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. 14

ওয়েব পেজ. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .14

ভিডিও .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. 15

অ্যাপস .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. 15

# আপনি এই ছবিটির একটি গুরুত্বপূর্ণ অংশ

## সেরা যোগাযোগ শুরু হয় বাড়িতে

কিন্ডারগার্টেনে, আপনার সন্তান সারা দিন ধরে অন্যদের সাথে কথা বলবে। আপনার সন্তানের প্রয়োজন হবে:

- তাদের প্রয়োজন এবং চাহিদাগুলির বিষয়ে যোগাযোগ করা।
- বিভিন্ন ব্যক্তি, স্থান, বস্তু এবং ঘটনাগুলির বর্ণনা দেওয়া।
- কোনো নির্দিষ্ট দিনে অথবা তার আগের দিনে যা ঘটেছে তা শেয়ার করা।
- সহযোগিতামূলক খেলায় যুক্ত হওয়া।

আপনি এবং আপনার সন্তান যখন আপনাদের বাড়ির ভাষায় কথা বলেন, আপনি তার যোগাযোগ সংক্রান্ত দক্ষতা গড়ে তুলছেন।

- আপনি কী করছেন এবং তারা কী করছে সেই সম্পর্কে আপনার সন্তানদের সঙ্গে কথা বলুন।
- কোনও খেলা চলার সময়ে অথবা কোনও বন্ধুর সাথে দেখা করার সময়ে কী ঘটেছে তা নিয়ে প্রশ্ন করুন।
- প্রথমে, তার পরে, এবং শেষে কী ঘটেছিল তার সম্পর্কে জিজ্ঞাসা করুন।
- আপনার সন্তানকে সেই বিস্তারিত বিবরণগুলি দিতে বলুন যা বস্তু এবং ক্রিয়াগুলির বর্ণনা করে।
- আপনার সন্তানকে সরল নির্দেশগুলি অনুসরণ করতে বলুন।
- আপনার সন্তানকে বলুন এরপরে কী ঘটবে তা অনুমান করে বলতে।



# রুটিন আপনার সন্তানকে কিন্ডারগার্টেনের জন্য প্রস্তুত করে তুলতে সাহায্য করে

বাড়িতে রুটিন থাকলে তা আপনার সন্তানের পক্ষে কিন্ডারগার্টেনের রুটিন অনুসরণে প্রস্তুত করতে সাহায্য করে।

- সকালের একটি নিয়মিত সূচি স্থির করুন (ঘুম থেকে ওঠা, পোশাক পরা, খাওয়া, প্রিস্কুলে যাওয়া অথবা দিনের পরিকল্পনা করা)।
- নিশ্চিত করুন যে প্রাতরাশ যেন সকালের রুটিনের অংশ হয়।
- মূল আহার এবং নাস্তার সময়গুলিকে প্রায় একই সময়ে রাখুন।
- শারীরিক ক্রিয়াকলাপের সূচি ঠিক করুন।
- কখন স্ক্রিন টাইম দেওয়া হবে তার সূচি ঠিক করুন।
- একটি ক্রিয়াকলাপ থেকে অপর একটিতে অবস্থান্তরের পরিকল্পনা করুন।
- পরের দিনের জন্য সরবরাহ ঠিক রাখুন।
- প্রত্যেক দিন পড়ার সময়ের পরিকল্পনা করুন।
- নিয়মিত ঘুমাতে যাওয়ার রুটিন ঠিক করুন।



# অন্যদের সাথে চলা

অন্যদের সাথে চলা এমন একটি দক্ষতা যা শিশুদের জন্য কিন্ডারগার্টেনে উত্তরণকে সহজতর করে তোলে।

যে শিশুরা অন্যদের সাথে চলতে পারে তারা জানে কীভাবে:

- অন্য শিশুদের এবং বড়দের সাথে সময় কাটাতে হয়।
- সহযোগিতামূলক রূপে খেলে এবং পালা নেয়।
- খেলনা শেয়ার করে।
- শব্দ দিয়ে তৈরি সমস্যার সমাধান করে।
- ব্যক্তি এবং সম্পদকে সম্মান করে।
- সাহায্য চায়।
- বন্ধুত্ব করে।
- তাদের অনুভব সম্পর্কে কথা বলে।
- অনুগ্রহ করে, ধন্যবাদ, মাফ করবেন, আমি দুঃখিত, আমার সাহায্য চাই, আমি এটা চেষ্টা করে দেখতে পারি – এই ধরনের শব্দগুলি ব্যবহার করে।
- সরল নির্দেশগুলি অনুসরণ করে।
- আপনার এবং পরিবারের অপর সদস্যদের থেকে আলাদা হওয়া।



# সুস্থ শরীর ও মন গড়ে তোলা

## ঘুম

আপনার সন্তান যথেষ্ট ঘুম নিশ্চিত করতে একটি নিয়মিত ঘুমাতে যাওয়ার সময় ঠিক করুন। বেশিরভাগ কমবয়সী শিশুর 10 থেকে 13 ঘন্টা ঘুম প্রয়োজন। আপনার সন্তান কিন্ডারগার্টেনে ঘুমের সময় পাবে না।

## ব্যায়াম

নিয়মিত শারীরিক ক্রিয়াকলাপকে আপনার পারিবারিক রুটিনের একটি অংশ করে তুলুন। দৌড়ানো, চড়া, ছোঁড়া, লাফানো, বলে লাথি মারা, এক পায়ে ভারসাম্য নিয়ে দাঁড়ানো, দোলনায় দোলার মতো ক্রিয়াকলাপে উৎসাহ দেয় এমন খেলাগুলি খেলুন।

## ভাল পুষ্টি

আপনার সন্তানকে স্বাস্থ্যকর নাস্তা এবং মূল আহারগুলি তৈরিতে আপনাকে সাহায্য করতে শেখান। প্রত্যেক সপ্তাহে একটি নতুন খাবার খেয়ে দেখতে আপনার সন্তানকে উৎসাহিত করুন। কিন্ডারগার্টেনে, আপনার সন্তান বাড়ি থেকে তাদের নিজেদের লাঞ্চ আনতে পারে অথবা ক্যাফেটেরিয়াতে তাদের নিজস্ব খাবার পছন্দ করতে পারে।

## স্ক্রিন সময়

স্ক্রিনে (কম্পিউটার, আইপ্যাড, টিভি) তারা কী দেখছে সে সম্পর্কে কথা বলুন। স্ক্রিনের সময়ের একটি সীমা ঠিক করুন, বিশেষ করে ঘুমাতে যাওয়ার সময়ের আগে।

## আবেগগত বিকাশ এবং আত্ম-নিয়ন্ত্রণ

নিয়ম এবং ফলশ্রুতিগুলির বিষয়ে আলোচনা করুন এবং ধারাবাহিকতা রাখুন। আপনার সন্তানকে এই কথা বুঝতে সহায়তা করুন যে ভুল করা হল শেখার অঙ্গ। এমনকি কোনো কিছু কঠিন হলেও চেষ্টা চালিয়ে যেতে তাদের উৎসাহিত করুন। একটি সমস্যার একাধিক সমাধান খুঁজে বার করতে আপনার সন্তানকে উৎসাহিত করুন। পরিকল্পনা করতে, মনোযোগ নিবদ্ধ করতে এবং মনে রাখতে তাদের সাহায্য করুন।



# স্কুলের জন্য প্রস্তুতিমূলক অভিজ্ঞতাগুলির একটি মরশুমি ক্যালেন্ডার

আপনার সন্তানের বিকাশ সম্পর্কে আপনার উদ্বেগ থাকলে, ফোন করুন Fairfax County Public Early Childhood Identification and Services (ফেয়ারফ্যাক্স কাউন্টি পাবলিক আর্লি চাইল্ডহুড আইডেন্টিফিকেশন অ্যান্ড সার্ভিসেস), 571-423-4121. তারা হস্তক্ষেপ, ওয়ার্কশপ, স্ক্রিনিং এবং মূল্যায়ন সম্পর্কে তথ্য প্রদান করবে। 20 মাস থেকে 5 বছর পর্যন্ত শিশুদের জন্য এই সকল "চাইল্ড ফাইন্ড" পরিষেবাগুলি প্রদান করা হয়।

### শরতকালের জন্য দারুণ কিছু বই:

Robert Maass এর লেখা "A is for Autumn"

Lois Ehlert এর লেখা "Leaf Man"

Linda Glaser এর লেখা "It's Fall!"

Dianne Ochiltree এর লেখা "Sixteen Runaway Pumpkins"

Jan Carr এর লেখা "Dappled Apples"

Wendi Silvano এর লেখা "Turkey Trouble"



## সারা বছর জুড়ে

- গান করুন এবং গল্প বলুন ও পুনর্বার বলুন।
- বই পড়ুন। কী ঘটছে তা আলোচনা করুন।
- আপনার সন্তানের নামের মধ্যে অক্ষরগুলি দেখুন।
- যে শব্দগুলি ছন্দে মেলে অথবা একই ধ্বনি দিয়ে শুরু হয় সেগুলি লক্ষ্য করতে আপনার সন্তানকে সহায়তা করুন।
- পাজ্ল নিয়ে কাজ করুন।
- সাধারণ বোর্ড গেমগুলি খেলুন।
- ছবি আঁকতে মার্কার, ক্রেয়ন এবং পেনসিল ব্যবহার করুন।
- কাঁচি ব্যবহার অভ্যাস করুন।
- বাছাই করা এবং গণনা করার খেলা খেলুন।
- সংখ্যা গণনা এবং ব্যবহার করুন।
- বস্তুর বর্ণনা দেওয়ার সময়ে আপনার সন্তানকে রং, আকার এবং মাপ ব্যবহার করতে উৎসাহিত করুন।
- শারীরিক ভাবে ক্রিয়াশীলতার খেলাগুলি খেলুন।
- এমন খেলাগুলি খেলুন যেখানে আপনার সন্তানকে অবশ্যই শান্তভাবে দাঁড়াতে বা বসতে হবে।
- নিয়মিত পাঠাগারে যান। আপনার সন্তানকে বই বেছে নিতে সাহায্য করুন।
- আপনার সন্তানকে প্রশ্ন করতে উৎসাহিত করুন।

## শরতকাল (সেপ্টেম্বর – নভেম্বর)

- শরতের চিহ্ন দেখতে একত্রে পারিবারিক হাঁটায় অংশ নিন।
- সন্ধান করুন কাঠবেড়ালি বাদাম পুঁতে রাখছে, মাথার ওপর দিয়ে হাঁসের দল উড়ে যাচ্ছে এবং পাতারা রং পরিবর্তন করছে। আবহাওয়ার মধ্যে পরিবর্তন সম্পর্কে কথা বলুন।
- আপনার সন্তানকে তার কোট পরতে ও খুলতে শেখান এবং বোতাম এবং/অথবা চেন লাগানো অভ্যাস করান।

# শীতকাল (ডিসেম্বর - ফেব্রুয়ারি)

## কিন্ডারগার্টেনের জন্য নিবন্ধন

- আপনার সন্তান কিন্ডারগার্টেনে কোথায় যাবে তা স্থির করতে http://boundary.fcps.edu/boundary-এতে Fairfax County Public Schools Boundary Information System (Fairfax County পাবলিক স্কুলস বাউন্ডারি ইনফর্মেশন সিস্টেম) ব্যবহার করুন।
- সেই এলিমেন্টারি স্কুলে যান।
- আপনার সন্তানকে কিন্ডারগার্টেনের জন্য নিবন্ধিত করতে আপনার যে নথিগুলি প্রয়োজন সেগুলি সংগ্রহ করতে শুরু করুন। এগুলির মধ্যে আছে বাসস্থানের প্রমাণ, জন্মের শংসাপত্র, এবং স্বাস্থ্য ও টিকাকরণ সম্পর্কিত রেকর্ড। www.fcps.edu এ নিবন্ধন পদ্ধতি এবং ফর্মগুলি উপলভ্য অথবা আপনি Fairfax County এর যেকোনও এলিমেন্টারি স্কুল থেকে একটি নিবন্ধনের প্যাকেট নিয়ে আসতে পারেন।
- কিন্ডারগার্টেন নিবন্ধন এবং কিন্ডারগার্টেন ওরিয়েন্টেশন সংক্রান্ত যেকোনও ইভেন্টের জন্য তারিখগুলি জানতে আপনার স্থানীয় এলিমেন্টারি স্কুলে যোগাযোগ করুন।
- আপনার সম্প্রদায়ে একটি কিন্ডারগার্টেনের জন্য প্রস্তুতিমূলক ওয়ার্কশপে উপস্থিত থাকার পরিকল্পনা করুন।
- আপনার প্রারম্ভিক শৈশবকালীন শিক্ষা কর্মসূচিতে যোগাযোগ করে দেখুন যদি পরিবারগুলির জন্য একটি "কিন্ডারগার্টেনে উত্তরণ" ইভেন্টের পরিকল্পনা করা হয়ে থাকে।
- স্কুলের পূর্বে এবং পরের সময়ের জন্য আপনার যদি যত্নের প্রয়োজন হয়, তাহলে যোগাযোগ করুন Fairfax County School Age Child Care (ফেয়ারফ্যাক্স কাউন্টি স্কুল এজ চাইল্ড কেয়ার) (FairfaxCounty.gov Search: SACC)-এর সাথে অথবা Office for Children's (অফিস ফর চিল্ড্রেন-এর) "Child Care Search" (চাইল্ড কেয়ার সার্চ) টুল ব্যবহার করুন।

### শীতকালের জন্য দারুণ কিছু বই:

Eric Pinder এর লেখা "How to Build a Snow Bear"

Kate Messner এর লেখা "Over and Under the Snow"

Addie K. Boswell এর লেখা "The Snow Dancer"

Lois Ehlert এর লেখা "Snow-balls"

Ezra Jack Keats এর লেখা "The Snowy Day"

## আপনার সন্তানের সঙ্গে ক্রিয়াকলাপ

- গোছগাছ করে নিন এবং বাইরে উন্মুক্ত স্থানে পরিবারের সঙ্গে কিছু সময় কাটান।
- আপনার সন্তান পরিবেশে যে পরিবর্তনগুলি দেখে সেগুলি নিয়ে কথা বলুন। কোন্ গাছগুলি তাদের পাতা হারিয়েছে আর কারা এখনও সবুজ আছে দেখুন। বেরি আর পাইনের ফল দেখুন।
- প্রত্যেক দিন একসাথে একটি বই শেয়ার করার সময় বার করুন। শীতকালের সম্পর্কে গল্প আছে এমন বইগুলি শেয়ার করুন। আপনার পড়া পছন্দের গল্পগুলি সম্পর্কে আপনার সন্তানের সাথে কথা বলুন।



## বসন্তকাল (মার্চ – মে)

### কিন্ডারগার্টেনের জন্য নিবন্ধন

- আপনার শিশু-চিকিৎসক অথবা হেল্থ ক্লিনিকের সাথে একটি সাক্ষাৎকার স্থির করুন।
- নিবন্ধন সংক্রান্ত সব পেপারওয়ার্ক সম্পূর্ণ করুন এবং এটি আপনার স্থানীয় এলিমেন্টারি স্কুলে জমা দিন।
- আপনার প্রতিবেশী এলিমেন্টারি স্কুলে নির্ধারিত কিন্ডারগার্টেন ওরিয়েন্টেশন কর্মসূচিতে উপস্থিত হোন।
- আপনার সন্তান যে এলিমেন্টারি স্কুলে উপস্থিত হবে তাদের সঙ্গে আপনার প্রারম্ভিক শৈশবকালীন কর্মসূচিকে তথ্য শেয়ার করার সুযোগ দিতে একটি তথ্য আদানপ্রদান ফর্মে স্বাক্ষর করুন।
- আপনার সন্তান যে স্কুলে উপস্থিত হবে তার Facebook (ফেসবুক) পেজ "লাইক" বা "ফলো" করুন। স্কুলকে Twitter (টুইটার) এ ফলো করুন।
- স্কুল থেকে নিয়মিত আপডেট পেতে Fairfax County Public Schools: News You Choose (ফেয়ারফ্যাক্স কাউন্টি পাবলিক স্কুলস: নিউজ ইউ চুজ) এ নিবন্ধন করুন। সাবস্ক্রাইব করতে FCPS Subscriber Preferences Page (FCPS সাবস্ক্রাইবার প্রেফারেন্সেস পেজ)-এ যান এবং একটি ইমেল অ্যাড্রেস দিন। TOPIC (বিষয়) নির্বাচন করুন। ELEMENTARY SCHOOLS (এলিমেন্টারি স্কুলস) নির্বাচন করুন। একটি স্কুল নির্বাচন করুন।



### বসন্তকালের জন্য দারুণ কিছু বই:

Linda Glaser এর লেখা "It's Spring!"

Denise Fleming এর লেখা "Under-GROUND"

Susan Grigsby এর লেখা "In the Garden with Dr. Carver"

Tana Hoban এর লেখা "So Many Circles, So Many Squares"

Pat Hutchins এর লেখা "Rosie's Walk"

Lois Ehlert এর লেখা "Planting a Rainbow"

### আপনার সন্তানের সঙ্গে আরও ক্রিয়াকলাপ

- আপনার সন্তানের সঙ্গে কিন্ডারগার্টেন নিয়ে কথা বলতে শুরু করুন।
- কিন্ডারগার্টেন শুরু করার বিষয়ে লাইব্রেরিয়ানকে কিছু বই সুপারিশ করতে বলুন।
- দেখুন আপনি আপনার সন্তানের সঙ্গে একবার স্কুলে যাওয়ার সূচি স্থির করতে পারেন কিনা এবং একটি কিন্ডারগার্টেন রুমে যেতে পারেন কিনা।
- স্কুলটির খেলার মাঠে যান।
- কেউ আপনার সন্তানকে একটি বাসের ভিতরটা দেখার সুযোগ দেয় কিনা দেখুন।
- আপনার সম্প্রদায়ের কিছু স্থান ঘুরে দেখুন, যেমন দমকল বা থানা, ডাক ঘর, অথবা চাষীদের বাজার।
- আপনার সন্তানের সাথে একটি মুদির তালিকা প্রস্তুত করুন। তাদের সেগুলি স্টোরে খুঁজে বার করতে দিন।

# গ্রীষ্মকাল (জুন – আগস্ট)

## কিন্ডারগার্টেনে উত্তরণ

- আপনার সন্তানের কথা জানিয়ে স্কুলে একটি চিঠি লিখুন।
- প্রায়শই স্কুলের ওয়েবসাইটে যান এবং "Back to School" ("ব্যাক টু স্কুল") ইভেন্ট সম্পর্কে তথ্য থাকলে নজর করুন।
- সমগ্র গ্রীষ্মকাল যাবৎ আপনার সন্তানের এলিমেন্টারি স্কুলে যান।
- ঐ একই স্কুলে যাবে এমন অন্যান্য শিশুদের সাথে খেলার সময়ের পরিকল্পনা করুন।
- বাড়িতে একটি স্থান বেছে নিন যেখানে আপনি আপনার সন্তানের কিন্ডারগার্টেনের জিনিসপত্রগুলি রাখবেন, যেমন তাদের পিঠব্যাগ এবং লাইব্রেরির বইগুলি।

## আপনার সন্তানের সঙ্গে আরও ক্রিয়াকলাপ

- আপনার সন্তানের তাদের পুরো নাম জানা উচিত এবং মুদ্রিত অক্ষরে তা কেমন দেখতে হয় জানা উচিত। তাদের যদি কোনও ডাকনাম বা অন্য নাম চালু থাকে, তাদের জন্য নামও তাদের জানা প্রয়োজন।
- আপনার সন্তানকে স্বাধীন ভাবে খাওয়া অভ্যাস করান (জুস বক্স খোলা ইত্যাদি)।
- খোলা এবং পরা সহজ এমন পোশাক কিনুন।
- সাইডওয়াক বা ফুটপাথ দিয়ে হাঁটা এবং বড় কেউ সঙ্গে না থাকলে রাস্তা না পেরোনোর মতো নিরাপত্তা বিধিগুলি পর্যালোচনা করুন।

## গ্রীষ্মকালের জন্য দারুণ কিছু বই:

Denise Fleming এর লেখা "Beetle Bop"

Audrey Penn এর লেখা "The Kissing Hand"

Shelly Becker এর লেখা "One, Two Grandma Loves You"

Rosemary Wells এর লেখা "Yoko Writes her Name"

Steve Jenkins এর লেখা "Actual Size"

Jane Yolen এর লেখা "How Do Dinosaurs Go to School?"

Donald Crews এর লেখা "School Bus"

Alison McGhee এর লেখা "Countdown to Kindergarten"



# কিন্ডারগার্টেনে উত্তরণ

প্রত্যেকটি কিন্ডারগার্টেন ক্লাসই আলাদা, কিন্তু সকল কিন্ডারগার্টেন ক্লাসে সারা দিন ধরে শিশুদের সমগ্র দল হিসাবে, ছোট ছোট দলে এবং ব্যক্তিগত শিক্ষণ অভিজ্ঞতায় অংশ নিতে দেওয়া হয়। ডানদিকে একটি নমুনা কিন্ডারগার্টেন সূচি রয়েছে।

শিশুদের কিন্ডারগার্টেনে উত্তরণ সহজতর হবে যদি তারা:

- সমস্যা সমাধানকারী হয়।
- নতুন পরিবেশে স্বচ্ছন্দ বোধ করে।
- সিদ্ধান্ত নিতে পারে।
- কৌতূহলী হয়।
- ঝুঁকি নিতে পারে।
- ভাল যোগাযোগ করতে পারে।

| সময় (মিনিটে) | দিনের অংশ |
|---|---|
| 10-15 | আগমন/প্রাতরাশ/নেটওয়ার্কিং |
| 20 | সকালের মিটিং |
| 25-30 | পড়ার ওয়ার্কশপ |
| 45-50 | শব্দ অধ্যয়ন এবং সাক্ষরতা স্টেশন |
| 40-45 | লেখার ওয়ার্কশপ |
| 15 | বিরতি |
| 30 | লাঞ্চ বা মধ্যাহ্নভোজন |
| 10 | ভাবা/প্রক্রিয়াকরণের সময় |
| 55 | অঙ্কের ওয়ার্কশপ |
| 60 | বিশেষ কিছু |
| 15 | বিরতি |
| 40 | বিজ্ঞান/সোশ্যাল স্টাডিজ/স্বাস্থ্য |
| 25 | চয়েস টাইম |
| 10 | ক্লোজিং সার্কেল/ছুটি |



# সম্প্রদায়গত সংস্থানগুলির সঙ্গে সংযোগ সাধন

## Fairfax County Public Libraries (ফেয়ারফ্যাক্স কাউন্টি পাবলিক লাইব্রেরিজ)

**www.fairfaxcounty.gov/library**

পাঠাগারের প্রতিটি শাখায় শিশুদের বইয়ের একটি বিশেষ বিভাগ আছে যা আপনার শিশুর কল্পনা এবং প্রাথমিক সাক্ষরতা দক্ষতা গঠনের জন্য প্রস্তুত। তিন সপ্তাহের জন্য একসাথে 50টি অবধি বই ধার করা যায়। বিভিন্ন ভাষায় বই পাওয়া যায়। প্রিস্কুল এবং স্কুলের-বয়সী শিশুদের জন্য সারা বছর ধরে বিশেষ কর্মকাণ্ড এবং গল্পের সময় প্রদান করা হয়। পাঠাগারের ওয়েবসাইটে "রেডি টু রিড" নিউজলেটার পাওয়া যায় যা আপনার সন্তানের পড়ার জন্য দারুণ সব বইয়ের ধারণা দিয়ে থাকে।

## Fairfax County Park Authority (ফেয়ারফ্যাক্স কাউন্টি পার্ক অথরিটি)

**www.fairfaxcounty.gov/parks**

অনলাইনে অথবা আপনার সাধারণ পাঠাগারে উপলভ্য "পার্কটেকস" পত্রিকায়, প্রিস্কুলারদের জন্য উপভোগ্য ক্লাস পাওয়া যায়।

ফেয়ারফ্যাক্স কাউন্টিতে নানা মাপের বহু পার্ক আছে। কমবয়সী শিশুদের পরিবারগুলির পক্ষে বিশেষ আগ্রহজনক হতে পারে এমন দুইটি পার্ক হল:

**Clemyjontri** একটি দুই-একর খেলার মাঠ, যা চারটি আউটডোর "রুমে" বিভক্ত। এটি শারীরিক প্রতিবন্ধী শিশু সহ, সমস্ত শিশুদের জন্য অধিগম্য। এর একটি ক্যারোসেল ও পিকনিক প্যাভিলিয়ন রয়েছে।

6317 Georgetown Pike, McLean, VA 22101 703-388-2807.

**Frying Pan Farm Park** এখানে 1920 সালের খামারের একটি প্রতিরূপ রয়েছে, আর একটি ক্যারোসেল, হেরাইড, কান্ট্রি স্টোর এবং ভিজিটর সেন্টার আছে। শিশুরা বিভিন্ন ধরনের খামারের পশু এবং পুরোনো খামারের যন্ত্রপাতি দেখতে পারে। পিকনিকের টেবিল এবং একটি খেলার মাঠ আছে।

2709 West Ox Road, Herndon, VA 20171 703-437-9101.

## Fairfax County Health Clinics (ফেয়ারফ্যাক্স কাউন্টি হেল্থ ক্লিনিকস)

**www.fairfaxcounty.gov/health/clinics**

### টিকাকরণ

কিন্ডারগার্টেনে প্রবেশকারী শিশুদের জন্য টিকাকরণের নথি প্রয়োজন। Fairfax County Health Department (ফেয়ারফ্যাক্স কাউন্টি হেল্থ ডিপার্টমেন্ট) ক্লিনিকের স্থানগুলিতে স্কুলের প্রয়োজনীয় টিকাকরণ প্রদান করে।

স্থানগুলির তালিকা এবং স্কুলের প্রয়োজনীয় টিকাকরণ সম্পর্কে জানতে আমাদের ওয়েবসাইটে যান।

### দন্তসম্বন্ধীয়

কিছু স্থানে শিশুদের জন্য দন্তসম্বন্ধীয় পরিষেবা প্রদান করা হতে পারে - একটি অ্যাপয়েন্টমেন্ট করা প্রয়োজন।

# পরিবারগুলির জন্য সহায়ক সংস্থান

## প্রকাশনা




**আপনার সন্তানকে শিখতে ভালবাসায় সাহায্য করা**
www.fairfaxcounty.gov/OFC Search: "Helping Your Child Love to Learn" ("আপনার সন্তানকে শিখতে ভালবাসায় সাহায্য করা")

জন্ম থেকে 5 বছর বয়স অবধি প্রাথমিক শৈশবকালীন বিকাশ সম্পর্কে শিখুন। পরিবারগুলি ও শিক্ষাদানকারীরা বিজ্ঞান, অঙ্ক, সাক্ষরতা, ভাষা, সৃষ্টিধর্মী শিল্প, সামাজিক এবং আবেগজনিত বিকাশ, এবং স্বাস্থ্য ও শারীরিক বিকাশের বৃদ্ধিতে উৎসাহ দিতে যে ক্রিয়াকলাপগুলি শুরু করতে পারেন সেগুলি আবিষ্কার করুন। একাধিক ভাষায় পাওয়া যায়।

**Fairfax County Public Schools Parent (ফেয়ারফ্যাক্স কাউন্টি পাবলিক স্কুলস পেরেন্ট) Advocacy (অ্যাডভোকেসি) হ্যান্ডবুক: কিন্ডারগার্টেনের জন্য প্রস্তুত হওয়া**
www.fcps.edu Search: "Getting Ready for Kindergarten" ("কিন্ডারগার্টেনের জন্য প্রস্তুত হওয়া")

আপনার সন্তানের প্রথম শিক্ষক হিসাবে, আপনি তাদের কিন্ডারগার্টেনের জন্য প্রস্তুত হতে সাহায্য করেন। একাধিক ভাষায় পাওয়া যায়।

## ওয়েব পেজ

**Fairfax County Public Schools (ফেয়ারফ্যাক্স কাউন্টি পাবলিক স্কুলস) Kindergarten Registration (কিন্ডারগার্টেন রেজিস্ট্রেশন)**
www.fcps.edu/registration/kindergarten-registration

কিন্ডারগার্টেনে নিবন্ধনের পাতায় শিক্ষার্থীদের নথিভুক্তিকরণের জন্য 5-ধাপের প্রক্রিয়া সম্পূর্ণ করতে মা-বাবাকে সাহায্য করার জন্য তথ্য রয়েছে। FCPS (এফসিপিএস) ওয়েবপেজগুলি একাধিক ভাষায় উপলভ্য।

**Fairfax County Public Schools Kindergarten (ফেয়ারফ্যাক্স কাউন্টি পাবলিক স্কুলস কিন্ডারগার্টেন)**
www.fcps.edu/academics/elementary-school-academics-k-6/kindergarten

এই ওয়েবপেজে FCPS Kindergarten (এফসিপিএস কিন্ডারগার্টেন) সম্পর্কে অভিজ্ঞতা লাভের তথ্য আছে। প্রশ্নের জন্য, ফোন করুন 703-204-6734 অথবা এখানে একটি ইমেল পাঠান RegistrationQuestions@fcps.edu.

**Helping Children Learn Newsletter (হেল্পিং চিল্ড্রেন লার্ন নিউজলেটার)** (ইংরেজি এবং স্প্যানিশ)
www.fcps.edu Search: "Helping Children Learn Newsletter" ("হেল্পিং চিল্ড্রেন লার্ন নিউজলেটার")

হেল্পিং চিল্ড্রেন লার্ন নিউজলেটারে স্কুলে শিশুদের সফল হওয়ার জন্য পরিবারগুলিকে ধারণা দেওয়া হয়েছে।

Daily Learning Planner (ডেইলি লার্নিং প্ল্যানার) এ প্রত্যেক দিন একটি নতুন ধারণা দেওয়া থাকে যা পরিবারগুলি শিশুদের স্কুলের জন্য প্রস্তুতিতে সাহায্য করতে ব্যবহার করতে পারে।

# ভিডিও

### স্কুলের জন্য প্রস্তুত করে তোলার বিষয়টিকে ভালভাবে দেখা

www.youtube.com/watch?v=LjPK53Gfo9Y

পরিবারগুলি, এলিমেন্টারি স্কুলের কর্মীরা, এবং প্রাথমিক শৈশবকালীন শিক্ষাপ্রদানকারীরা প্রতিটি একক শিশুকে সহায়তা করতে একত্রে এগিয়ে এলে তখন সফল উত্তরণ ঘটে।




### ফেয়ারফ্যাক্স কাউন্টি পাবলিক স্কুলস আপনাকে কিন্ডারগার্টেনে স্বাগত জানায়

https://youtu.be/YxFAwy3Uj2g

এই ভিডিও FCPS Kindergarten (এফসিপিএস কিন্ডারগার্টেন) কর্মসূচির একটি পর্যালোচনা প্রদান করে।




# অ্যাপস

### Vroom

www.vroom.org

Vroom-এর মস্তিষ্কের বিকাশের পরামর্শগুলি স্কুলে এবং তার বাইরেও শিশুদের প্রয়োজনীয় দক্ষতাগুলি শিখতে এবং উন্নত করতে সাহায্য করার জন্য পরিবার এবং প্রাথমিক শিক্ষাপ্রদানকারীদের জন্য মজাদার উপায়। এই ফ্রি অ্যাপটি iOS and Android (আইওএস এবং অ্যান্ড্রয়েড) ডিভাইসগুলিতে (কম্পিউটার, ট্যাবলেট, স্মার্টফোন) পাওয়া যায়। এই অ্যাপটি ইংরেজি এবং স্প্যানিশ ভাষায় পাওয়া যায়।

### CDC Milestone Tracker (সিডিসি মাইলস্টোন ট্র্যাকার) মোবাইল অ্যাপ

www.cdc.gov

সার্চ করুন: Milestone Tracker (মাইলস্টোন ট্র্যাকার)

Centers for Disease Control and Prevention (সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন)-এর মাইলস্টোন ট্র্যাকার আপনাকে আপনার সন্তানের অগ্রগতি ট্র্যাক করতে সাহায্য করে। 2 মাস থেকে 5 বছর বয়সী শিশুদের বিকাশে সহায়তা করার জন্য পরামর্শগুলি এটির অন্তর্ভুক্ত। এই ফ্রি অ্যাপটি iOS and Android (আইওএস এবং অ্যান্ড্রয়েড) ডিভাইসগুলিতে পাওয়া যায় এবং ইংরেজি ও স্প্যানিশ ভাষায় উপলব্ধ।

# এই তো কিন্ডারগার্টেনে নিবন্ধন করার সময়!

**是註冊就讀幼稚園的時候了！**
如果您的孩子將於 9 月 30 日前年滿 5 週歲，請聯絡您附近的小學，以了解相關入學資訊並取得註冊資料袋。

**유치원에 등록하실 때입니다!**
귀하의 자녀가 9월 30일 이전에 만 5세가 된다면 지금 주변의 초등학교에 연락하시어 학교 정보 및 등록 서류에 대해 알아보십시오.

**Đã đến lúc để đăng ký cho lớp mẫu giáo!**
Khi con em quý vị được 5 tuổi vào ngày 30 tháng 9, thì đây là thời điểm thích hợp để quý vị liên lạc với trường tiểu học gần khu vực của quý vị để biết thêm thông tin và hồ sơ ghi danh.

If your child will be 5 years old by September 30, now is the time to contact your neighborhood elementary school for information and the registration packet.

**Ha llegado el momento de inscribirse para Kindergarten!** Si su hijo va a tener 5 años el 30 de setiembre próximo, ahora es el momento de ponerse en contacto con la escuela primaria de su vecindario para obtener información y el paquete de inscripción.

**”زمان ثبت نام برای مهد کودک است!“**
اگر فرزند شما تا 30 سپتامبر، 5 ساله می شود، زمان آن است که با دبستان محل خود تماس بگیرید تا اطلاعات مورد نیاز و بسته ثبت نام را دریافت کنید.

**”یہ کنڈرگارٹن میں اندراج کرانے کا وقت ہے!“**
اگر 30 ستمبر تک یا اس سے قبل آپ کے بچے کی عمر 5 سال ہو رہی ہے، تو وقت آگیا ہے کہ آپ اپنے علاقے کے اسکول سے رابطہ کریں اور معلومات اور داخلے کی تفصیلات طلب کریں

**”لقد حان الوقت للتسجيل في رياض الأطفال“**
إذا كان طفلك سيبلغ عمر 5 سنوات بحلول 30 سبتمبر، فقد حان الآن وقت الاتصال بالمدرسة الابتدائية القريبة للحصول على المزيد من المعلومات وحزمة التسجيل الخاصة بها.



## দেখুন কীভাবে:

**http://boundary.fcps.edu/boundary**


Fairfax County
O F C Office for Children
www.fairfaxcounty.gov/OFC
Bengali